

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৮.(০৫)- ২৯৩

তারিখ: ০২-০৮-২০১৮খ্রিঃ।

বিজ্ঞপ্তি

২০১৮ সালে একাদশ/সমমান ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের নিকট হতে শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৮ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) আবেদনকারীকে ২০১৮ সালে এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষ) শ্রেণিতে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;
- (২) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৩) আর্থিকভাবে অস্বচ্ছল প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- (৪) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে এবং বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে ৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
- (৫) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পরবর্তী বছরের বৃত্তির অর্থ গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অধ্যয়নের অগ্রগতির মূল প্রত্যয়নপত্র এবং বার্ষিক পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) আগষ্ট মাসের মধ্যে দাখিল করতে হবে;
- (৬) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
 - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ডের ফটোকপি অথবা ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণকারী কর্মীর পাসপোর্ট ও কার্ডের ফটোকপি);
 - ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ অথবা ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান গ্রহণের পত্র;
 - iii) শিক্ষার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
 - iv) এসএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
- (৭) আবেদনপত্র ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- (৮) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ১৬ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (৯) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;
- (১০) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (১১) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (১২) যে কোন তথ্যের জন্য ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের “প্রবাসবন্ধু কলসেন্টার” এর নম্বরসমূহে অফিস কার্যদিবসে সকাল ৯ টা হতে বিকাল ৫ টার মধ্যে (০১৭৮৪৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

d.irp@wewb.gov.bd